ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রাজ-১৪৫/২০১৮/১৫৯৪৭ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

কাকনহাট ফাজিল মাদরাসা, ডাকঘর: কাকনহাট, উপজেলা: গোদাগাড়ী, জেলা: রাজশাহী-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ১২-০৪-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৬ থেকে ৩০-০৬-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার চারদিকে সীমানা প্রাচীর নির্মাণ করার পাশাপাশি ফাজিলসহ সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং পুরাতন মাটির শ্রেণিকক্ষ ভেঙে নতুন ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে;
২. খারিজবিহীন সম্পত্তি খারিজ করার ব্যবস্থাসহ অফিসকক্ষ থেকে লাইব্রেরি আলাদাভাবে স্থাপন করতে হবে;
৩. ফাজিল স্তরের এমপিওভুক্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ অবশ্যই গ্রহণ করত: কম্পিউটার ল্যাব স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে;
৪. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ল্যাংগুয়েজ ক্লাব (আরবি ও ইংরেজি) চালুর কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৫. সপ্তাহে একবার অনুপস্থিত শিক্ষার্থীর অভিভাবকের মোবাইল নম্বরে কল করার ব্যবস্থা করতে হবে এবং আর্থিক বিষয়সমূহ ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করার পাশাপাশি শ্রেণিকক্ষে পাঠ্য বইয়ের ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;
৬. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করার পাশাপাশি মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্তি" কথাটি লিখতে হবে;
৭. ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করার পাশাপাশি আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৮. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড, সিসি টিভি, আইপিএস-এর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে এবং প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
৯. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১০. সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্‌বুদ্ধ করতে হবে এবং আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি মাদরাসার সকল অ্যালামনাইদের নাম, ঠিকানা, কর্মস্থল ও মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;
১১. অনতিবিলম্বে মাদরাসার হালনাগাদ (স্মারক উল্লেখসহ) অখন্ড জমির সনদ ও দূরত্ব সনদ মাদরাসা পরিদর্শন দপ্তরে জমা দিতে হবে এবং অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৭/১০/২৬

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, কাকনহাট ফাজিল মাদরাসা
ডাকঘর: কাকনহাট, উপজেলা: গোদাগাড়ী, জেলা: রাজশাহী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রাজ-১৪৫/২০১৮/১৫৯৪৭ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, কাকনহাট ফাজিল মাদরাসা, ডাকঘর: কাকনহাট, উপজেলা: গোদাগাড়ী, জেলা: রাজশাহী।
৭. অফিস নথি।

17.10.2026

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫